দৈনিক
ইনকিলাব

তারিখ 8 FEB 20.3
পৃষ্ঠা ৪ কলাম ৫

# ঢাকায় শিশু শিক্ষা ও পরিবেশ বিষয়ক ৩ দিনের প্রদর্শনী

**স্টাফ রিপোর্টার ঃ** রাজধানী ঢাকার কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী মিলনায়তনে আজ (শনিবার) থেকে শিশুদের শিক্ষা ও পরিবেশ সচেতনতা বিষয়ক ৩ দিনব্যাপী ফিল্ম শোয়ের আয়োজন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি, বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর ডঃ এমাজউদ্দিন আহমদ আজ সকাল ৯টায় এ ব্যতিক্রমধর্মী অনুষ্ঠানের উদ্বোধন করবেন। রাজধানী ঢাকার বর্তমানকালের শিশুদের জন্য খেলার মাঠ, পড়ার টেবিল, বৈচিত্র্যের টেলিভিশন কোন কিছুই আর নিজস্ব নেই। বড়দের সাথে এসব ভাগ করে এবং বড়দের অনুকরণে শিশুরা এখন নিজেদের জগতটাকে খোঁজার চেষ্টা করে। ভবিষ্যতের পরিবেশ সচেতন মানুষ হিসেবে গড়ে তুলতে শিশুদের পাঠ্য ও সংশ্লিষ্ট অন্য দিকগুলোতেও খুব বেশী কিছু বিষয় পাওয়া যায় না। এ অবস্থায় শিশু সংশ্লিষ্ট ভিন্ন দুটো বিষয়কে যুগলবন্দীর এই নতুন প্রচেষ্টায় হাত দিয়েছে। বিশ্ববিদ্যালয় ছাত্রছাত্রীদের পরিবেশবাদী সংগঠন 'কনশেন্স ফর এক্সিসটেন্স'। কনশেন্সের এই পরিকল্পনায় রয়েছে ঢাকার শীর্ষ ৫০টি স্কুলের ৬ হাজার শিশুকে এই ফিল্ম শো এবং অনুষ্ঠান দেখবার সুযোগ করে দেয়া। প্রতিদিন ৪টি শোতে, পার্ক, খেলার মাঠ প্রভৃতি স্থানে শিশুদের উপস্থিতিতে ধূমপানের প্রভাব, শব্দ দূষণ এবং সবুজ ও পরিচ্ছন্ন জনপদের উপর আধাঘণ্টার বিশেষ পরিবেশনা থাকবে। এরপর বিশ্বখ্যাত মজার মজার শিশু চলচ্চিত্র প্রদর্শন করা হবে। শিশুদের নিয়ে এসে বড়রাও এসব ছবি দেখতে পাবেন। প্রতিটি শোয়ের আগে ঢাকার বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে পরিবেশ সচেতনতা বিষয়ক অনুষ্ঠানও পরিবেশিত হবে।